

বাংলাদেশ হাইকমিশন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আবুজা, নাইজেরিয়া



HIGH COMMISSION FOR
THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
ABUJA, NIGERIA

২৭ জুন ২০১৮

প্রেস রিলিজ

বাংলাদেশ হাইকমিশন আবুজা, নাইজেরিয়া-তে MRP এবং MRV সেবা প্রদান শুরু

নাইজেরিয়ার রাজধানী আবুজায় বাংলাদেশ হাইকমিশনে মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) এবং মেশিন রিডেবল ভিসা (MRV) কার্যক্রম চালু হয়েছে। একটি অনাড়ম্বর আয়োজনের মধ্য দিয়ে নাইজেরিয়াতে বাংলাদেশের মান্যবর হাই কমিশনার জনাব মো: শামীম আহসান, এনডিসি গত ২৫শে জুন ২০১৮ তারিখে দুইজন নাইজেরিয়ান নাগরিককে মেশিন রিডেবল ভিসা এবং ২৬শে জুন ২০১৮ তারিখে একজন প্রবাসী বাংলাদেশীকে মেশিন রিডেবল পাসপোর্ট এর ডিজিটাল এনরোলমেন্টের ডকুমেন্ট হস্তান্তর করেন। নাইজেরিয়া সফররত ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা-এর ০৫ সদস্য বিশিষ্ট টিম এর সদস্যবৃন্দ, মিশনের কর্মকর্তা ও কর্মচারী এবং কমিউনিটির সদস্যবৃন্দ অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন।

বিদেশী সেবাপ্রার্থী এবং প্রবাসী বাংলাদেশীরা বর্তমান সরকারের "ডিজিটাল বাংলাদেশ" এর লক্ষ্যে হাইকমিশন কর্তৃক গৃহীত পদক্ষেপকে স্বাগত জানান। উল্লেখ্য, ২০১৬ সালের নভেম্বর মাসে পশ্চিম আফ্রিকার দেশ নাইজেরিয়ায় বাংলাদেশের মিশন চালু হয়।



Plot-2609, Hassan Musa Katsina Street, Asokoro, Abuja, Nigeria, Phone :+234-0907-385-9213,
E-mail : mission.abuja@mofa.gov.bd; Website : www.bhcnigeria.org.ng

Phone :

E-mail :